পলিসি ব্রিফ
# ১০৩/ ২০২১
মার্চ ২০২১

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# উন্নয়নে অন্তর্ভুক্তি এবং প্রতিবন্ধিতায় সুশাসনের চ্যালেঞ্জ: উত্তরণের উপায়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দীর্ঘদিন ধরে সমাজের বিভিন্ন প্রান্তিক, পিছিয়ে পড়া এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর ওপর সুশাসন সহায়ক গবেষণা ও অধিপরামর্শ কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি টিআইবি'উন্নয়নে অন্তর্ভুক্তি এবং প্রতিবন্ধিতা: সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়' শীর্ষক একটি গবেষণা পরিচালনা করে যা বিগত ১১ ফেব্রুয়ারি ২০২১ এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রকাশ করা হয়।এ গবেষণার প্রধান উদ্দেশ্য ছিল উন্নয়নে প্রতিবন্ধিতাসহ ব্যক্তি (Persons with Disability)-দের অন্তর্ভুক্তিতে সুশাসনের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা এবং তা থেকে উত্তরণে সুনির্দিষ্ট সুপারিশ প্রস্তাব করা।

গবেষণায় প্রাপ্ত ফলাফলে দেখা যায়, বাংলাদেশে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের কল্যাণ ও উন্নয়নে আইন প্রণয়ন, কর্মসূচী ও প্রকল্প প্রণয়নসহ বিভিন্ন ইতিবাচক উদ্যোগ ও অর্জন সত্ত্বেও এক্ষেত্রে নানাবিধ ঘাটতি ও চ্যালেঞ্জ এখনো বিদ্যমান। সংশ্লিষ্ট জাতিসংঘ সনদ এবং টেকসই উন্নয়ন অভীষ্টের বিভিন্ন লক্ষ্য অনুসারে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্যে যথাযথ পরিকল্পনা প্রণয়নে দেশের বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের সংগঠনসমূহের মধ্যে সমন্বয় ও অংশগ্রহণের ঘাটতি রয়েছে। বাস্তবে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের কল্যাণে বিদ্যমান কর্মপরিকল্পনা বাস্তবায়নে সক্ষমতার ক্ষেত্রেও ঘাটতি বিদ্যমান। এছাড়া এই বাস্তবায়ন প্রক্রিয়া পুরোপুরি অংশগ্রহণমূলক বা অন্তর্ভুক্তিমূলক নয়। রাষ্ট্রীয় বাজেটে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য বরাদ্দ বাস্তবসম্মত ও যথেষ্ট নয় এবং যে বরাদ্দ দেওয়া হয় তাও নানা অনিয়ম-দুর্নীতির কারণে তাদের কাছে পুরোপুরি পৌঁছায় না। অপরদিকে, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের ওপর নিয়মিত তদারকি ও নিরীক্ষা না হওয়ায় অধিকাংশ সেবাগ্রহীতাদের ন্যায় প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের সেবা প্রদান কার্যক্রমেও অনিয়ম-দুর্নীতি অব্যাহত রয়েছে। গবেষণায় প্রাপ্ত সার্বিক ফলাফলের ভিত্তিতে টিআইবি এই পলিসি ব্রিফটির মাধ্যমে নিম্নোক্ত সুপারিশসমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিবেচনার জন্য উপস্থাপন করছে।[১]

| সুপারিশ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|
| **ক. আইন সংক্রান্ত**<br>১. আইন ও বিধিমালার সময়োপযোগী সংস্কার এবং আইনের বাস্তবায়ন করতে হবে।<br>ক. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর আওতায়<br>● শারীরিক প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের গণপরিবহনে ওঠানামার ক্ষেত্রে র‍্যাম্পের বিষয়টি উল্লেখ করতে হবে;<br>● আইনটি কোন কোন আইনের উপর প্রাধান্য পাবে তা সুনির্দিষ্ট করতে হবে;<br>● পরিচয়পত্র ব্যতীত প্রতিবন্ধিতাসহ ব্যক্তির জন্য নির্ধারিত সুবিধা গ্রহণের ব্যবস্থা করতে হবে।<br>খ. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা, ২০১৫ এর আওতায়<br>● সকল কমিটিতে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের প্রতিনিধিত্ব নিশ্চিত করার প্রক্রিয়া উল্লেখ করতে হবে;<br>● কমিটিসমূহের সদস্যদের দায়িত্ব এবং কমিটিসমূহের সভার সময়সীমা সুনির্দিষ্ট করে কমিটিগুলোকে জবাবদিহিতার আওতায় আনতে হবে;<br>● কমিটিসমূহের সমন্বয়ের পদ্ধতি সুনির্দিষ্ট করতে হবে।<br>গ. প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ এর আওতায়<br>● স্বীকৃত এমপিওভুক্ত বিদ্যালয়কে প্রাধান্য দেওয়ার জন্য সরকারি জমি লিজ দিতে হবে, ভবন তৈরির উদ্যোগ নিতে হবে, এবং এ সংক্রান্ত ধারা ১৩ (৬) সংস্কার করতে হবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ |

[১]গবেষণা সংক্রান্ত সংশ্লিষ্ট দলিলসমূহ (মূল প্রতিবেদন, বাংলা ও ইংরেজি সার-সংক্ষেপ, উপস্থাপনা) টিআইবির ওয়েবসাইটে https://www.ti-bangladesh.org/beta3/index.php/en/research-policy/92-diagnostic-study/6230-inclusiveness-in-development-and-disability-governance-challenges-and-way-forward লিংকে পাওয়া যাবে।

| সুপারিশ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|
| **খ. প্রাতিষ্ঠানিক সক্ষমতা সংক্রান্ত** | |
| ২. জাতীয় বাজেটে প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট খাতের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে আলাদাভাবে বরাদ্দ রাখতে হবে এবং চাহিদার নিরিখে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিবন্ধিতা সম্পর্কিত বাজেট বৃদ্ধি করতে হবে।<br>৩.সকল ধরনের প্রতিষ্ঠান, রাস্তাঘাট, সেতু, গণশৌচাগারসহ সংশ্লিষ্ট সকল অবকাঠামো প্রতিবন্ধিবান্ধব করতে হবে। | সমাজ কল্যাণ, শিক্ষা, স্বাস্থ্য, সড়ক ও সেতু, স্থানীয় সরকার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ, সংস্কৃতি ও অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সংসদীয় কমিটি |
| ৪. জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিটি সরকারি হাসপাতালে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের চিকিৎসার জন্য পৃথক ইউনিট করতে হবে, যেখানে একজন ডাক্তার, নার্সসহ প্রয়োজনীয় জনবল থাকবে এবং প্রয়োজনীয় চিকিৎসা উপকরণের ব্যবস্থাসহ চিকিৎসক, সমাজকর্মী ও স্বাস্থ্যকর্মীদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | সমাজ কল্যাণ ও স্বাস্থ্য মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সংসদীয় কমিটি |
| ৫. প্রতিটি জেলা ও উপজেলায় প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী বিশেষায়িত বিদ্যালয় এবং প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র প্রতিষ্ঠা করতে হবে। | সমাজ কল্যাণ ও শিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সংসদীয় কমিটি |
| ৬. প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের সেবা প্রদানকারী সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে প্রয়োজনীয় জনবল নিয়োগ দিতে হবে এবং এসব প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রতিবন্ধিতা বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণের জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সমাজ কল্যাণ, শিক্ষা, স্বাস্থ্য, সড়ক ও সেতু, স্থানীয় সরকার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ, সংস্কৃতি ও অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সংসদীয় কমিটি |
| ৭. প্রতিবন্ধিতাসহ ব্যক্তি শনাক্তকরণে স্বীকৃত আন্তর্জাতিক পদ্ধতি অনুসরণ করতে হবে এবং এর মাধ্যমে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের গ্রহণযোগ্য প্রকৃত সংখ্যা নির্ণয় করতে হবে। | সমাজ কল্যাণমন্ত্রণালয় ও সমাজসেবা অধিদফতর |
| **গ. সংবেদনশীলতা, সমন্বয় ও অংশগ্রহণসংক্রান্ত** | |
| ৮. সকল ধরনের দুর্যোগকালীন সময়ে প্রতিবন্ধিতাসহ শিশু ও ব্যক্তিদের জীবনধারণের মৌলিকা চাহিদা পূরণে (বিশেষত তাদের স্বাস্থ্য ও শিক্ষা সেবা, খাদ্য সহায়তা) সরকারিভাবে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এসব উদ্যোগে সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের সংগঠনকে সম্পৃক্ত করতে হবে। | সমাজ কল্যাণ, শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সংসদীয় কমিটি |
| ৯. প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের কর্মসংস্থান সৃষ্টির জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে অন্তর্ভুক্ত করে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ লক্ষ্যে প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের যুগোপযোগী বিভিন্ন বিষয়ের ওপর কার্যকর প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| ১০. প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের উন্নয়নে অন্তর্ভুক্তিতে যথাযথ পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের সংগঠনের প্রতিনিধিদের অংশগ্রহণ ও সমন্বয় নিশ্চিত করতে হবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| **ঘ. স্বচ্ছতা সংক্রান্ত** | |
| ১১. সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ওয়েবসাইট তথ্যবহুল করতে হবে (বার্ষিক প্রতিবেদন, কমিটি সংক্রান্ত তথ্য, গৃহীত প্রকল্প সংক্রান্ত তথ্য) ও তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে। সেবা সংক্রান্ত তথ্য প্রচার-প্রচারণা ও সচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করতে হবে। এছাড়া ওয়েবনির্ভর/অনলাইন সেবা, বিভিন্ন ধরনের সফটওয়্যার, অ্যাপ প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের জন্য অভিগম্য করতে হবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| **ঙ. জবাবদিহিতা ও অনিয়ম-দুর্নীতি প্রতিরোধসংক্রান্ত** | |
| ১২. প্রতিবন্ধিতাসহ ব্যক্তিদের সেবা প্রদানকারী সকল কার্যালয়ে কার্যকর তদারকি এবং অনিয়ম-দুর্নীতি প্রতিরোধে জবাবদিহিমূলক নিয়মিত নিরীক্ষা নিশ্চিত করতে হবে। | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |